

আন্তর্জাতিক মাদক দ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী দিবসে
জাতিসংঘ মহাসচিব কফি আনানের বাণী
২৬ জুন ২০০৪

মাদক ব্যবহার সংক্রান্ত মারাত্মক ক্ষতিকর ভুল ধারণার একটি হলো - এটি একটি স্থায়ী সমস্যা। কিন্তু সত্যি ঘটনা হলো মাদক অপব্যবহারের ক্ষেত্রে চিকিৎসা কার্যকরী হতে পারে এবং এতে ব্যক্তি জীবনের মূল্যবোধ ও মর্যাদা পূর্বাভাসে ফিরে আসতে পারে। এ বছর আন্তর্জাতিক মাদক দ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী দিবসের প্রতিপাদ্য হলো - “মাদক দ্রব্য: চিকিৎসায় কাজ হয়”। যার উদ্দেশ্য হলো ভুল ধারণা সংশোধন ও মাদক চিকিৎসা সংক্রান্ত তথ্য জানানো, যার ভিত্তি হলো সর্বশেষ ও সবচেয়ে বিশ্বস্ত সাক্ষ্যপ্রমাণ ও গবেষণা।

আসক্ত ব্যক্তি ও একই সাথে তাদের পরিবারসহ বিশ্বব্যাপী লক্ষ লক্ষ লোক মাদক সমস্যায় সরাসরি আক্রান্ত। তাদের জীবনধারা ব্যাহত হয়েছে, স্বাস্থ্য হয়েছে অধঃপতিত, শিক্ষা হয়েছে বিঘ্নিত, তারা চাকুরী হারিয়েছে এবং তাদের পরিবার ভেঙে গেছে। মাদক সমস্যায় আক্রান্ত ব্যক্তির্ভগ, তাদের পরিবার ও বন্ধুদের জন্য প্রয়োজন, এর থেকে পরিদ্রাণ পাওয়ার উপায় আছে এবং এটা প্রতিটি বিশেষ ব্যক্তির প্রয়োজন ও অবস্থার উপর নির্ভর করে বিভিন্ন ফলপ্রসূ সহায়তা পাওয়া সম্ভব।

মাদক নির্ভরশীলতার গঠনপ্রকৃতির ব্যাপারে আজ আমাদের অপেক্ষাকৃত ভাল ধারণা রয়েছে। আমরা জানি নির্ভরশীলতা একটি দীর্ঘস্থায়ী ও অনেক ক্ষেত্রে পুনঃপতন যোগ্য ব্যাধি। আমরা জানি যে, অন্যান্য অনেক দীর্ঘস্থায়ী ব্যাধির মতো এক্ষেত্রেও কার্যকরী ব্যবস্থা রয়েছে যার মাধ্যমে আক্রান্ত ব্যক্তি উৎপাদনশীল জীবনপদ্ধতি গ্রহণ, শারীরিক ও মানসিক সমস্যা পরিহার ও কমানো, পারিবারিক সম্পর্কের উন্নতি, শিশুর রক্ষণাবেক্ষণ পুনঃপ্রতিষ্ঠা ও অব্যাহত রাখা এবং উন্নত বাসস্থান ও চাকুরীর সুযোগ পেতে পারে। আমরা আরও জানি যে, মাদক আসক্তির চিকিৎসা অপরাধ হ্রাস রক্তসঞ্চালনের মাধ্যমে বিভিন্ন প্রকার রক্তবাহিত সংক্রামক রোগ বিশেষ করে এইচআইভি/এইডস সংক্রমণের ঝুঁকি কমানোর মাধ্যমে জনগনকে সাহায্য করে এবং তাদেরকে স্বাস্থ্যকর, আর্থিক উৎপাদনক্ষম ও অপেক্ষাকৃত সম্বনিত ব্যক্তি ও পরিবারসমূহের সুফল পেতে সহায়তা করে।

নীতিনির্ধারকদের মনে রাখা প্রয়োজন যে, চিকিৎসা শুধুমাত্র মাদক অপব্যবহারের স্বাস্থ্য ও সামাজিক পরিণতিই মোকাবেলা করেনা, একই সঙ্গে স্বাস্থ্য সেবা, সমাজ কল্যাণ এবং অপরাধ বিচার সংক্রান্ত খরচাদিও হ্রাস করে। জাতিসংঘ মাদক ও অপরাধ বিষয়ক দপ্তর-এর ওয়েবসাইটে (www.undoc.org) বিভিন্ন উপকরণ দেয়া আছে যা মাদক আসক্তি চিকিৎসা সম্পর্কিত তথ্য জানতে সহায়তা করে।

আন্তর্জাতিক মাদক দ্রব্যের অপব্যবহার বিরোধী এই দিবসে মাদক আসক্তি চিকিৎসা ও এর কার্যকারিতা সম্পর্কে সর্বতর পরীক্ষা ও সুদৃঢ় প্রমাণ বিষয়ে সবাইকে ভেবে দেখার আহ্বান জানাই। চিকিৎসায় কাজ হয় বলে মাদক আসক্তি চিকিৎসা সবার জন্যই কল্যাণকর।

** *** *